

## বিকেএসপি'র ৩৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী

সাফল্যের ৩৬ বছর



গত ১৪ এপ্রিল ছিল বিকেএসপি তথা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের ৩৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী। রমজান মাসের কারণে অনাড়ম্বর পরিবেশে আয়োজন করা হয় প্রতিষ্ঠা বার্ষিকীর কর্মসূচি। মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এ,কে,এম মাজহারুল হক, এএফডব্লিউসি, পিএসসি, এলএসসি, এমফিল প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত ইফতার পার্টির পূর্বক্ষণে সকলকে সাথে নিয়ে কেক কেটে উদযাপন করেন বিকেএসপির ৩৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী। স্মৃতিচারণ করেন বিকেএসপির সাবেক ক্রিকেট চিফ কোচ ও বর্তমানে বিকেএসপির ক্রিকেট উপদেষ্টা নাজমুল আবেদিন ফাহিম। মহাপরিচালক তার সৎক্ষিপ্ত বক্তব্যে প্রতিষ্ঠা বার্ষিকীর মাহেহ্মক্ষেণে সকলকে শুভেচ্ছা জানান। সাফল্যের ৩৬ বছরে তিনি বিগত সময়ের সকলের অবদানের কথা কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন এবং সেই সাথে বর্তমান বিকেএসপিকে সেন্টার অব এক্সিলেন্স হিসেবে গড়ে তুলতে সকলকে নিয়ে এক সাথে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। তিনি বিকেএসপি'র উত্তরোত্তর সাফল্যও কামনা করেন। এর আগে সকালে প্রতিষ্ঠা বার্ষিক উপলক্ষ্যে বিকেএসপিতে পতাকা উত্তোলন ও রাতে আলোকসজ্জায় সজ্জিত করা হয়।

বিকেএসপি ১৯৮৬ সালের এ দিনে ২টি ক্রীড়া বিভাগ ফুটবল ও হকি দিয়ে যাত্রা শুরু করে। সেই থেকে অনেক সাফল্যের কৃতিত্ব দেখিয়ে চলেছে খেলোয়াড় তৈরির কারখানা বলে স্বীকৃত বিকেএসপি। ডানা কাপ, গোথিয়া কাপ থেকে শুরু করে কমন ওয়েলথে পদক জয়, অলিম্পিকে অংশগ্রহণ ছাড়াও বিশ্বকাপ জয়ের মত সাফল্যের সিংহ ভাগ কৃতিত্ব এসেছে এ প্রতিষ্ঠানের খেলোয়াড়দের হাত ধরে। সাম্প্রতিক সময়ে ক্রিকেটে বিশ্বের ১ নম্বর অলরাউন্ডার সাকিব আল হাসান থেকে শুরু করে মুশফিক, লিটন, আফিফ, হকিতে জিমি, চয়ন, ফুটবলে মামুন, এমিলি, শ্যুটিং এ আসিফ, শারমিন, সাঁতারে শিলা, সাগর, এ্যাথলেটিক্সে শিরিন, মেজবা, সুমাইয়া, আর্চারিতে তামিম, দিয়া সিদ্দিকীর মত আরও অনেক খেলোয়াড় জাতীয় দলের পক্ষে সাফল্য অর্জন করে বিশ্ব ক্রীড়াঙ্গনে উড়িয়েছে বিজয় কেতন। বিকেএসপি পরিবার এ সকল ক্রীড়াবিদদের জন্য আজ গর্বিত।

ক্রীড়াবান্ধব বর্তমান সরকারের সময়ে বিকেএসপিতে অনেক আধুনিক অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি সংযোজিত হয়েছে আধুনিক ক্রীড়া সামগ্রী। প্রশিক্ষণে দেশী-বিদেশী বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে চলছে উন্নত প্রশিক্ষণ কার্যক্রম। বিকেএসপি এক দিকে যেমন সুসজ্জল ও বিজ্ঞান ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষিত খেলোয়াড় তৈরি করে জাতীয় দলের পাইপ লাইন হিসেবে কাজ করছে ঠিক তেমনি জাতি গঠনে আদর্শ মানব সম্পদ উন্নয়নে ভূমিকা রাখছে। আর তাই দেশের চাহিদার কথা বিবেচনা করে বিভাগীয় শহর গুলোতেও সম্প্রসারিত হয়েছে বিকেএসপি, চলছে আধুনিক মানের প্রশিক্ষণ ও সাধারণ শিক্ষা কার্যক্রম।